

শোকেসিং ভেন্যুঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)

তারিখঃ ০৬ আগস্ট' ২০১৭

১। ক) চিহ্নিত সেবার নামঃ ধানের রোগবালাই ও পোকামাকড় বালাই ব্যবস্থাপনা

খ) সেবা গ্রহণকারী কারাঃ সাধারণ কৃষক, সম্প্রসারণ কর্মী প্রভৃতি।

২। ক) সেবাটি বর্তমানে কিভাবে দেওয়া হয়ঃ

- লিফলেট/বুকলেট/ব্রশিউর এর মাধ্যমে;
- ব্রি/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে;
- উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে;
- নিকটস্থ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এর মাধ্যমে;
- বিভিন্ন সময়ে কৃষক প্রতিনিধিদের নিয়ে আয়োজিত মাঠ দিবসের মাধ্যমে;
- কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে;

খ) চিহ্নিত সেবার বিদ্যমান সমস্যা ও সমস্যার মূল কারণঃ

সেবার সমস্যা	সমস্যার কারণ	সেবাগ্রহীতা বা ব্যবহারকারীর ভোগান্তি
ধান চাষের বিভিন্ন রোগবালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা সম্পর্কে তাৎক্ষণিক সমাধান না পাওয়া।	<ul style="list-style-type: none"> • সর্বশেষ কৃষি প্রযুক্তি সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব; • রোগবালাই ও দমন পদ্ধতি সম্পর্কে কৃষকের সঠিক ধারণা/অভিজ্ঞতা না থাকা; • তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে সুনির্দিষ্ট ব্যবস্থার পাশাপাশি আধুনিক পদ্ধতির অপ্রতুলতা; • আদর্শ কৃষক দল (রিসোর্স পুল) না থাকা; • যথাযথ ফিডব্যাক ব্যবস্থা না থাকা; 	<ul style="list-style-type: none"> • কৃষক প্রত্যাশিত ফলন পাচ্ছে না ও • আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

সমস্যা ও কারণ সম্পর্কে বিবৃতিঃ (What, where, when, who& how?)

মাঠ পর্যায়ে আধুনিক ধান চাষে রোগবালাই ও পোকামাকড় দমন ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সর্বশেষ কৃষি প্রযুক্তি সম্পর্কে কৃষকদের সম্যক ধারণার অভাব, সমাধানযোগ্য তথ্যের অপ্রতুলতা, আদর্শ কৃষক দল (রিসোর্স পুল) এবং যথাযথ ফিডব্যাক ব্যবস্থা না থাকার কারণে দেশব্যাপী প্রায় ৪০-৫০% কৃষক কাঙ্ক্ষিত ফলন থেকে বঞ্চিত হচ্ছেন।

৩। সমস্যাটির ভুক্তভোগী: সাধারণ কৃষক, সম্প্রসারণ কর্মী প্রভৃতি।

৪। সমস্যা সমাধানে প্রদত্ত আইডিয়াটির শিরোনাম: মাঠের সমস্যা মাঠেই সমাধান (সেম্পর-ভিত্তিক ধানের বালাই ব্যবস্থাপনা)।